চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির সভা ও বিপি দিবস অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভার এর কার্যনির্বাহী কমিটির সভা,বিপি দিবস উপলক্ষে কেক কাটা, এবং আলোচনা পরবর্তী র্যালি অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খানের উপস্থিতিতে চুয়াডাঙ্গা জেলা রোভারের কার্যনির্বাহী সভা ও বিপি দিবস অনুষ্ঠিত হয়।

এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলার রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, স্কাউট এর তিনটি শাখা কাব স্কাউট, স্কাউট এবং রোভার স্কাউট সবসময় আর্ত মানবতার জন্য কাজ করে থাকে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা ক্রমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশে ২১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ ইতিমধ্যে অর্জন করেছে বাংলাদেশ। সেইসাথে ২০৪১ সালের মধ্যে ৪১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ্যে কাজ করছে বাংলাদেশ। স্কাউট রাষ্ট্রের সকল প্রকার কার্যক্রমে বিশেষভাবে সেবা প্রদান করে থাকে ।

এ সময় তিনি আরোও বলেন, স্মার্ট বাংলাদেশের লক্ষ্য নিয়ে বাংলাদেশ যে পথে এগিয়ে যাচ্ছে সেই জন্য তিনি কাব স্কাউট স্কাউট এবং রোভার স্কাউটদের বিশেষভাবে অবদান রাখা এবং ইউনিট লিডারদের প্রতি বিশেষ ভাবে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিপি দিবস উপলক্ষে কাব স্কাউট, স্কাউট, রোভার এবং ইউনিট লিডারদের নিয়ে স্কাউটের প্রতিষ্ঠাতার জন্মদিন উপলক্ষে কেক কাটেন। স্কাউট এর প্রতিষ্ঠাতা রবার্ট স্টিভেন্সন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল

স্কাউটদের মাঝে তিনি বি.পি. এবং গিলওয়েলের ব্যাডেন পাওয়েল নামেও সমাধিক পরিচিত।

উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ সভাপতি প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ-সভাপতি আবু রাশেদ,চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এর সম্পাদক তানভীর আহমেদ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার ও জেলা স্কাউট এর বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার সহ চুয়াডাঙ্গা জেলার সকল প্রতিষ্ঠান রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।